## 2023

## BENGALI

( Honours Generic/Regular Course )

Paper : BEN–HG/RC–4016

( কুড়ি শতকের সাহিত্য পাঠ )

*Full Marks* : 80

*Time* : 3 hours

*The figures in the margin indicate full marks for the questions*

১। নিম্নলিখিত বিকল্প সমন্বিত প্রশ্নগুলির শুদ্ধ উত্তরটি নির্বাচন করো : ১×১০=১০

(ক) 'ছেলেবেলা' গ্রন্থে রবীন্দ্রনাথ কোন্ দিনটিকে তাঁদের 'ছোটবেলার ছুটির দিন' বলে উল্লেখ করেছেন?

*(i)* রবিবার

*(ii)* শনিবার

*(iii)* বুধবার

*(iv)* শুক্রবার

(খ) 'ছেলেবেলা' গ্রন্থটি রবীন্দ্রনাথ ঠাকুর কোন্ সালে রচনা করেন?

*(i)* ১৩১২ সালে

*(ii)* ১৩৪৪ সালে

*(iii)* ১৩৪২ সালে

*(iv)* ১৩৪০ সালে

(গ) রবীন্দ্রনাথের সেজদাদার বড় মেয়ের নাম কী?

*(i)* প্রতিভা

*(ii)* ভারতী

*(iii)* স্বর্ণকুমারী

*(iv)* মানকুমারী

(ঘ) কে বালক রবীন্দ্রনাথের সকল তর্কের জবাব দিতেন?

*(i)* সেজদাদা

*(ii)* বউঠাকরুন

*(iii)* জ্যোতিদাদা

*(iv)* অক্ষয় চৌধুরী

(ঙ) 'অভিনেত্রী' গল্পের লেখিকার নাম কী?

*(i)* আশাপূর্ণা দেবী

*(ii)* মৈত্রেয়ী দেবী

*(iii)* লীলা মজুমদার

*(iv)* নবনীতা দেবসেন

(চ) তারানাথের স্ত্রীর নাম কী?

*(i)* নিরুপমা

*(ii)* অনুপমা

*(iii)* শীলা

*(iv)* বেলা





(ছ) শূন্যস্থানের সঠিক শব্দটি নির্বাচন করো :

"এত বড় ______ পিয়াদার সহ্য হইল না।"

*(i)* কথা

*(ii)* অভিশাপ

*(iii)* স্পর্ধা

*(iv)* অসম্মান

(জ) "টুপি! আমারে টুপি পরালো কেডা?" বক্তা কে?

*(i)* গুপি

*(ii)* মোক্তার

*(iii)* বাঞ্ছারাম

*(iv)* নকড়ি

(ঝ) বাঞ্ছারাম পদ্মর মুখে কী ঢুকিয়ে দিয়েছিল?

*(i)* জিলাপি

*(ii)* বাতাসা

*(iii)* গুজিয়া

*(iv)* নাড়ু

(ঞ) শূন্যস্থানের সঠিক শব্দটি নির্বাচন করো :

"কিন্তুক না বাঁচলে আমি ______ গায়ে দেবো কী করে?"

*(i)* জামা

*(ii)* কাপড়

*(iii)* চাদর

*(iv)* শাল

২। নিম্নলিখিত প্রশ্নগুলির সংক্ষিপ্ত উত্তর দাও : ২×৫=১০

(ক) 'ছেলেবেলা' গ্রন্থে সেকেলে কোলকাতায় যে সমস্ত গাড়ি ছিল না বলে রবীন্দ্রনাথ উল্লেখ করেছেন তার মধ্যে দুটি গাড়ির নাম লেখো।

(খ) "সূর্যমুখী আর কুন্দনন্দিনী আপন লোকের মতো আনাগোনা করছে ঘরে ঘরে।" এখানে সূর্যমুখী ও কুন্দনন্দিনী কে কে?

(গ) "চাল নেই বাবা!" উক্তিটির বক্তা কে? যাকে উদ্দেশ্য করে কথাটি বলা হয়েছে তার নাম কী?

(ঘ) "পথ দেখে চলতে পার না? আর একটু হলে আমার স্ট্র্যাপটা ছিঁড়ে যেত যে!" উক্তিটি কোন্ গল্পের অন্তর্গত এবং উক্তিটির বক্তা কে?

(ঙ) পদ্মর স্বামী ও দাদাশ্বশুরের নাম লেখো।

৩। নিম্নলিখিত প্রশ্নগুলির সংক্ষিপ্ত উত্তর দাও (যে কোনো চারটি) : ৫×৪=২০

(ক) "সে সময়টাতে হাওয়ায় হাওয়ায় আতঙ্ক এমনি জাল ফেলেছিল যে টেবিলের নীচে পা রাখলে পা সুড়সুড় করে উঠত।" উদ্ধৃত মন্তব্যটির মধ্যে যে আতঙ্কের কথা বলা হয়েছে তার সংক্ষিপ্ত পরিচয় দাও।

(খ) রবীন্দ্রনাথ ঠাকুর জীবনে একবার যে এঞ্জিনিয়ারিং করতে নেমেছিলেন সে সম্পর্কে যা জান লেখো।





(গ) 'দুধের দাম' গল্পে কুলির মজুরি কত ছিল? বৃদ্ধা তাকে বেশি টাকা কেন দিয়েছিলেন?

(ঘ) তর্করত্নের সঙ্গে গফুরের কথোপকথনটি সংক্ষেপে লেখো।

(ঙ) নকড়ির গিন্নি চরিত্রটির বিষয়ে সংক্ষেপে লেখো।

(চ) টীকা লেখো : হোঁৎকা

৪। নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও (যে কোনো চারটি) : ১০×৪=৪০

(ক) বালক রবীন্দ্রনাথের জীবনে ছাদের যে ভূমিকা ছিল তা নিজের ভাষায় লেখো।

(খ) 'ছেলেবেলা' গ্রন্থে রবীন্দ্রনাথ পাল্কী প্রসঙ্গে যা যা বলেছেন তা বিশদে লেখো।

(গ) স্মৃতিকথা কাকে বলে? রবীন্দ্রনাথ ঠাকুরের 'ছেলেবেলা' গ্রন্থটিকে স্মৃতিকথার পর্যায়ভুক্ত করা যায় কি না সে সম্পর্কে আলোচনা করো।

(ঘ) 'ফসিল' গল্পের নামকরণের সার্থকতা বিষয়ে আলোচনা করো।

(ঙ) 'মহেশ' গল্পের অন্তর্গত গফুর মিঞা চরিত্রটির বিশেষত্ব বিস্তৃতভাবে লেখো।

(চ) "কোনোটাই তার অভিনয় নয়, চিরন্তনী নারীপ্রকৃতির মধ্যে পাশাপাশি বাস করছে সম্পূর্ণ আলাদা দুটি সত্তা, জননী আর প্রিয়া।" কার সম্পর্কে কথাটি বলা হয়েছে? তাঁর চিরন্তনী নারীপ্রকৃতির দুটি সত্তার পরিচয় দাও।

(ছ) "... লোভ, বেঁচে থাকার ইচ্ছে, স্বার্থ, ভালবাসা—সব নিয়ে রামায়ণ-মহাভারত-টলস্টয়ের স্টাইলে এমন লুডো খেলা আর দেখিনি।" 'সাজানো বাগান' নাটক সম্পর্কে জনৈক সমালোচকের এই মন্তব্যের সার্থকতা বিচার করো।

(জ) 'সাজানো বাগান' নাটকের শেষ দৃশ্যের ঘটনা নিজের ভাষায় লেখো।

★★★